

2019

**ELECTIVE BENGALI**

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

*All questions are compulsory.*

Question Nos. 1, 2, 3 & 4 are multiple choice type questions..

- ১। 'সতত, হে নদ তুমি পড় মোর মনে। — নদটির নাম ১
- (ক) ব্রহ্মপুত্র  
(খ) কপোতাক্ষ  
(গ) সিন্ধু
- ২। 'এস্থলে কৈকেয়ী এবং দশরথ উভয়েই ভালবাসার অত্যাচারে প্রবৃত্ত।' — কৈকেয়ী দশরথের ১
- (ক) প্রথমা স্ত্রী  
(খ) দ্বিতীয়া স্ত্রী  
(গ) তৃতীয়া স্ত্রী
- ৩। ত্রিপুরার কনিষ্ঠ রাজকুমারের নাম — ১
- (ক) অমর মাণিকা  
(খ) ইন্দ্রকুমার  
(গ) রাজধর

- ৪। মায়ের মৃত্যুর সময় কেবল বয়স ছিল — ১
- (ক) চোদ্দ
- (খ) পনেরো
- (গ) ষোল
- ৫। 'কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান।'— কন্যার নাম কী? ১
- ৬। 'তোমার কান্নার সুরে বেতের-ফলের মতন  
তার ম্লান চোখ মনে আসে।'  
— কার কান্নার সুরে কবির মন স্মৃতিকাতর হয়ে ওঠে? ১
- ৭। 'তবুও মনের চরম চূড়ায় থাক সে  
অমর্ত্য অতিথি ক্ষণের চিহ্ন।'  
— 'অমর্ত্য' শব্দের অর্থ কী? ১
- ৮। 'আমরা মাধ্যাকর্ষণ, কৈশিকর্ষণ এবং বহুবিধ আকর্ষণ-বিকর্ষণের দ্বারা পীড়িত মর্ত মানুষ।'—  
মাধ্যাকর্ষণ শক্তির আবিষ্কারক কে? ১
- ৯। সাহিত্যের উদ্দেশ্য কী? ১
- ১০। 'বল্লমবিদ্ধ প্রকাণ্ড বিষধর ভয়াবহ ফণা তুলিয়া তর্জন-গর্জন করিতেছে।'— বিষধর সাপটিকে কে  
বল্লমবিদ্ধ করেছিল? ১
- ১১। 'মুকুট' নাটকে যুবরাজের নাম কী? ১
- ১২। 'দেখো সেনাপতি, আমি বারবার বলছি তুমি আমার নাম ধরে ডেকো না।'— কার উক্তি? ১
- ১৩। 'এইবার কুমারদের সেই যুদ্ধে পাঠানো হোক।'— ত্রিপুরার রাজকুমারদের কার বিরুদ্ধে যুদ্ধ করার  
জন্য পাঠানো হয়েছিল? ১
- ১৪। 'তবে থাক। এ মুকুট কেউ পাবে না। এ কর্ণফুলির জলে যাক।'— মুকুটটি কার? ১

- ১৫। 'আগুন যদি লাগাতে হয় তো নিজের ঘরের চালটা সামলে লাগাতে হবে।'— কার উক্তি? ১
- ১৬। 'আপনার অস্থশালার মধ্যে একটি জ্যান্ত অস্ত্র ঢুকেছেন।'— 'জ্যান্ত অস্ত্র' বলতে কাকে বোঝানো হয়েছে? ১
- ১৭। 'মেজদিদি' উপন্যাসের পরিচ্ছেদ সংখ্যা কত? ১
- ১৮। কাদম্বিনীর স্বামীর নাম কী? ১
- ১৯। 'হাঁ রে ললিত, তোর মা যে এই পাঁচ-ছ-দিন পড়ে আছে, একবারটি কাছে এসেও ত বসিস নে।'— ললিতের মায়ের নাম কী? ১
- ২০। 'পাঁচুদা তাকে নাড়ুগোপাল করে মাথায় দুটো থান ইট দিয়ে বসিয়ে রেখেছে।'— পাঁচু কাকে এই শাস্তি দিয়েছিল? ১
- ২১। বাংলা ছন্দকে প্রধানত কয় শ্রেণীতে ভাগ করা হয়েছে? ১
- ২২। শব্দের অর্থ রূপের আশ্রয়ে যে সমস্ত অলঙ্কারের সৃষ্টি তাদের কী অলঙ্কার বলে? ১
- ২৩। 'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবী'— কে নিজেকে 'বর্তমানের কবি' বলেছেন? 'নবী' শব্দের অর্থ কী? ২
- ২৪। 'দুইটি মাত্র মূল সূত্রে সমস্ত মনুষ্যের নীতিশাস্ত্র কথিত হইতে পারে।'— মূলসূত্র দু'টি কী কী? ২
- ২৫। 'শনির সঙ্গে মঙ্গল এসে জুটেছেন।'— 'মুকুট' নাটকে 'শনি' ও 'মঙ্গল' বলতে কা'দের বোঝানো হয়েছে? ২
- ২৬। 'এদেশে এমন করিয়া যে কেহ কথা বলিতে পারে, ইহা যেন তাহার মাথায় ঢুকিল না।'— কার স্নেহপূর্ণ কথা শুনে কে বিস্মিত হয়েছিল? ২
- ২৭। 'একশ'বার বলি হতভাগাকে, আসিস নে আমার কাছে — তবু 'মেজদি'। শিবুকে বলে দিস উমা, ওকে আর না ঢুকতে দেয়।'— উমা কে? কাকে ঘরে ঢুকতে নিষেধ করা হয়েছে? ২

- ২৮। বাংলা ছন্দে ছন্দ কাকে বলে ? ২
- ২৯। 'মেরুর ডাক' কবিতায় কবির কল্পনায় তুষারবৃত্ত মেরুর চিত্রটি কী রূপ ? ৩
- ৩০। 'প্রার্থনা ক'রো — যারা কেড়ে খায় তেত্রিশ কোটির মুখের গ্রাস,  
যেন লেখা হয় আমার রক্ত-লেখায় তাদের সর্বনাশ।'  
— অন্তর্নিহিত বক্তব্য বিশ্লেষণ কর। ৩
- ৩১। 'কিন্তু যে লোকটা বাহুলা, মানুষ তাঁহাকে ভালোবাসে।'— ভালোবাসার কারণ কী? ৩
- ৩২। 'আজ মরবার যেমন চমৎকার সুযোগ হয়েছে পালাবার তেমন নয়।'— কে কোন প্রসঙ্গে একথা বলেছেন? ৩
- ৩৩। 'এ হাতির খোরাক নিত্য যোগাতে গেলে যে আমাদের আড়ত খালি হয়ে যাবে।'— কে কোন প্রসঙ্গে কথাগুলো বলেছেন? এই উক্তি বক্তার কী ধরনের মানসিকতার পরিচয় পাওয়া যায়? ৩
- ৩৪। উদাহরণসহ যমক অলঙ্কারের সংজ্ঞা লেখ। ৩
- ৩৫। 'বংশীনাদে' কবিতা অবলম্বনে রাখার অন্তরের ব্যাকুলতার পরিচয় দাও। ৮
- ৩৬। 'যে ভালবাসে, সেই অত্যাচার করে। ভালবাসিলেই অত্যাচার করিবার অধিকার প্রাপ্ত হওয়া যায়।'  
'ভালবাসার অত্যাচার' প্রবন্ধ অবলম্বনে দৃষ্টান্তসহ আলোচনা কর। ৮
- ৩৭। 'সাহিত্যে খেলা' প্রবন্ধটির মধ্য দিয়ে লেখক প্রমথ চৌধুরী সাহিত্য সম্বন্ধে যে ধারণাটি ব্যক্ত করেছেন তা ব্যাখ্যা কর। ৮
- ৩৮। 'মুকুট' নাটকের ইশা খাঁ চরিত্রটি বিশ্লেষণ কর। ৮
- ৩৯। 'মেজদিদি' উপন্যাসের মেজদিদির স্নেহময়তার পরিচয় দাও। ৮
- ৪০। অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য আলোচনা কর। ৮